সাপ্তাহিক
পত্রিকা
your campaigning newspaper

POTRIKA ■ London ■ Issue 1090 ■ Tuesday ■ 25 September - 01 October 2018

১০ - ১৬ আশ্বিন ১৪২৫ বাংলা ■ ১৫ - ২১ মহররম ১৪৪০ হিজরী ■ ২৪ পৃষ্ঠা ■ Price 50p

ভারত বাদ, দক্ষিণ এশিয়া থেকে শুধু বাংলাদেশ

২৪ সেপ্টেম্বর : দক্ষিণ এশিয়ার একমাত্র দেশ হিসেবে এএফসি অনূর্ধ্ব বাছাইপর্বের দ্বিতীয় পর্বে খেলার যোগ্যতা অর্জন করেছে বাংলাদেশের মেয়েরা। গত মাসে থিম্পুতে অনুষ্ঠিত অনূর্ধ্ব ১৫ সাফ ফুটবল

» ১৬

এস কে সিনহার জবানিতে বিচার প্রক্রিয়ায় সরকারের নগ্ন হস্তক্ষেপের চিত্র

‘শেখ হাসিনা হঠাৎ রেগে গেলেন’

লন্ডন, ২৪ সেপ্টেম্বর: সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার প্রকাশ হওয়া ‘অ্যা ব্রোকেন ড্রিম: রুল অব ল’, হিউম্যান রাইটস অ্যান্ড ডেমোক্রেসি’ বইটি নিয়ে তোলপাড় সর্বত্র। এই বইতে তার পদত্যাগ থেকে দেশত্যাগ পর্যন্ত সময়ের মধ্যে যা যা ঘটেছিল তার সবই তুলে ধরেছেন। এই ধারাবাহিকতায় ২০১৭ সালের ১লা জুলাই বঙ্গভবনে এসকে সিনহাকে প্রধানমন্ত্রী, আইনমন্ত্রী ও অ্যাটর্নি জেনারেল কি বলেছিলেন সেই কথাও পুরোটা তুলে ধরেছেন।

এসকে সিনহা লেখেন, “জুলাই মাসের ১ তারিখ, ২০১৭। সকালবেলা আমার ব্যক্তিগত মোবাইলে একটা কল আসলো। নিজেকে তিনি প্রেসিডেন্টের মিলিটারি সেক্রেটারি পরিচয় দিয়ে জানালেন, সন্ধ্যা সাড়ে সাতটায় বঙ্গভবনে প্রেসিডেন্টের সাথে দেখা করতে হবে। এই ধরণের ফোন পেয়ে আমি কিছুটা অবাক হলাম। কারণ এসব ক্ষেত্রে সবসময় আমার রেজিস্টারের সাথে যোগাযোগের মাধ্যমে যে কোন বৈঠকের দিন-ক্ষণ ঠিক করা হয়।

ফোনে কথা শেষ করার একটু পরেই ০১৭৩০০৯০০৯৫ নাম্বার থেকে মিলিটারি সেক্রেটারি মেজর জেনারেল মো. সারওয়ার হোসেন মিটিং এর রিকনফার্মেশন করে একটি এসএমএস পাঠালেন। আমি উদ্বিগ্ন এবং হতবুদ্ধি হয়ে বসে থাকলাম।

যা-ই হোক, নির্দিষ্ট সময়ের পাঁচ মিনিট আগেই আমি বঙ্গভবনে পৌছালাম। সামনের বারান্দায় মিলিটারি সেক্রেটারি আমাকে রিসিভ করে একটি রুমে নিয়ে গেলেন। আমি শুধু অবাক হচ্ছি। কারণ বঙ্গভবনে আমি অনেকবার এসেছি, সবসময় আমাকে অভ্যর্থনার জন্য নির্দিষ্ট রুমে নিয়ে যাওয়া হতো।

কিন্তু তিনি এদিন আমাকে অফিসারদের একটা রুমে নিয়ে গেলেন। ভাঙাচুরামার্কা এক রুমে তিনি নিজে টেবিলের ওপাশে একটা চেয়ারে বসলেন এবং আমাকে সামনের সোফাতে বসালেন। আমি অপমানবোধ করতে লাগলাম এবং চিন্তা করতে থাকলাম এভাবে বসার চেয়ে বরং ভেগে যাওয়াই ভালো হবে। এইটা একজন প্রধান বিচারপতির প্রাপ্য আচরণ না।

এইসময় তিনি আমার সাথে এই সেই কথাবার্তা বলে সময় কাটাতে চাচ্ছিলেন। তিনি জিজ্ঞাসা করলেন আমি চা বা কফি খাবো কি না, আমি বললাম নো থ্যাংকস।

এভাবে পয়তাল্লিশ মিনিট সময় পার হয়ে গেলো। তারপর এক সময় তারা আমাকে প্রেসিডেন্টের রুমে নিয়ে গেলো। ওখানে উপস্থিত মানুষদের দেখে তো আমি হতবাক। প্রেসিডেন্টের সাথে ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, আইনমন্ত্রী আনিসুল হক এবং অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম।

প্রাথমিক শুভেচ্ছা বিনিময়ের পর শেখ হাসিনা আর আনিসুল হক মিলে আমাকে ষোড়শ সংশোধনী মামলার রায় প্রসঙ্গে চেপে ধরলেন। দীর্ঘক্ষণ তর্কবিতর্ক হলো। অ্যাটর্নি জেনারেল আমাকে বললেন, এ পর্যন্ত অসংখ্য এক্সট্রাঅর্ডিনারি রায় দিয়ে বিচার বিভাগের মাধ্যমে আমি যে খেদমত করেছি তার জন্য সরকার আমাকে চিরকাল মনে রাখবে। কিন্তু এখন এই একটা রায় প্রসঙ্গে দ্বিমত করে আমি সব বরবাদ করে দিচ্ছি। এই কথা শুনে আমার খুব অপমানবোধ হলো।

যখন তারা বুঝতে পারলেন যে আমাকে আমার মতামত

» ১৭

‘শেখ হাসিনা আর আনিসুল হক মিলে আমাকে ষোড়শ সংশোধনী মামলার রায় প্রসঙ্গে চেপে ধরলেন’

‘শুরু থেকেই চাপ ছিল, আমি যেন বলি অসুস্থ’

‘প্রধান বিচারপতি হওয়ার লোভে পড়েন ওয়াহাব মিঞা’



আনোয়ার চৌধুরীকে লন্ডনে পদায়ন
গভর্ণর পদ থেকে সরানো নিয়ে রহস্য

পত্রিকা রিপোর্ট

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : কেইম্যান আইল্যান্ডের গভর্ণর পদ থেকে আনোয়ার চৌধুরীকে স্থায়ীভাবে প্রত্যাহার করা হয়েছে। গত বৃহস্পতিবার (২০ সেপ্টেম্বর) দ্বীপরাষ্ট্র কেইম্যান আইল্যান্ডসের গভর্ণর অফিস বিবৃতিতে এ কথা জানায়। যুক্তরাজ্যের ফরেন অ্যান্ড কমনওয়েলথ দফতরের বরাতে দেয়া ওই বিবৃতিতে আনোয়ার চৌধুরীকে অপসারণের কোনো কারণ ব্যাখা করা হয়নি। তবে তাঁকে লন্ডনে নতুন করে পদায়ন করা হবে জানানো হয়।

» ১৭

দলগুলোর প্রতি রাষ্ট্রপতি নির্বাচনে সৎ ও যোগ্যদের গুরুত্ব দিন

ঢাকা, ২৪ সেপ্টেম্বর : রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, ‘নির্বাচন খুব দূরে নয়। কিছুদিন পর নির্বাচন। সকল দলই দলীয় প্রার্থী মনোনয়ন দেবে। আমার অনুরোধ, প্রার্থী নির্বাচনের সময় সকল রাজনৈতিক দল যেন যোগ্য ও সৎ ব্যক্তিদের গুরুত্ব দেয়। কারণ অসৎ ব্যক্তিদের মনোনয়ন দিলে দেশের উন্নয়ন হবে না।

» ১৭

ডিসিলেকশন আরও সহজ করলো লেবার
করবিন-বিরোধী এমপিরা সাবধান!

পত্রিকা রিপোর্ট

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : সংসদ সদস্য (এমপি) নির্বাচিত হওয়ার পর দলের স্থানীয় সদস্যদের মতামতকে আর তোয়াক্কা করবেন না, তা কি করে হয়? একবার নির্বাচিত হয়েছেন বলে কোনো আপত্তি ছাড়াই বারবার মনোনয়ন পেতেই থাকবেন, সেটাও বা কোন অধিকারে? ‘আজীবন সংসদ সদস্য’ থাকার ওই সংস্কৃতি বিলোপের পক্ষে ভোট দিয়েছেন যুক্তরাজ্যের বিরোধী দল লেবার পার্টির তৃণমূল সদস্যরা।

তারা বলছেন, এমপি পদে মনোনয়ন কারও ‘ঈশ্বর প্রদত্ত অধিকার’ নয়। ঠিকমত কাজ না করলে তাদের ছুড়ে ফেলার অধিকার রয়েছে দলের সদস্যদের।

গত রোববার (২৩ সেপ্টেম্বর) দলীয় বার্ষিক সম্মেলনে লেবার এমপিদের বিরুদ্ধে অনাস্থা আনার কাজটি অধিকতর সহজ করার পক্ষে রায় দিয়েছেন সদস্যরা। এর ফলে কোনো আসনের মাত্র ৩৩ শতাংশ সদস্য অনাস্থা ভোট দিলে সংশ্লিষ্ট এমপি পরবর্তী নির্বাচনে আর সরাসরি মনোনয়ন পাবেন না। উন্মুক্ত প্রতিযোগিতায়

নতুন করে তাঁকে মনোনয়নের জন্য লড়তে হবে। আগে মনোনয়ন কেড়ে নিতে ৫০ শতাংশ ভোটের প্রয়োজন হতো। লেবার পার্টির ব্রাডফোর্ড ওয়েস্ট শাখার সদস্য স্টিভ আরলোফ বলেন, লেবার এমপিদের এমন ভাবা উচিত নয়

» ১৭

বাংলাদেশে মদ্যপানে বছরে মৃত্যু ৩ হাজার

ঢাকা, ২৪ সেপ্টেম্বর : বিশ্ব স্বাস্থ্য বলছে, বাংলাদেশে মদ বিক্রি ও সেবনের বিষয়ে আইনের কড়াকড়ি থাকলেও পর্যবেক্ষণের ব্যবস্থা নেই বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসেবে, বাংলাদেশে মদ সেবনের কারণে লিভার সিরোসিসে আক্রান্ত হয়ে ২০১৬ সালেই মারা গেছে দু’হাজারেরও বেশি মানুষ।

এছাড়া ক্যান্সার ও মদ্যপানের পর ড্রাইভিংয়ের সময় দুর্ঘটনায় মৃত্যু হয়েছে আরও অন্তত এক হাজার মানুষের। সব মিলিয়ে ওই বছর মদ্যপান জনিত কারণে মৃত্যুর সংখ্যা তিন হাজারেরও বেশি।

সংস্থার প্রতিবেদনে বলা হয়েছে, দেশটির মদ বিক্রি ও সেবনের বিষয়ে আইনের কড়াকড়ি থাকলেও পর্যবেক্ষণের ব্যবস্থা নেই।

তবে ঢাকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা বলছেন, অবৈধ মদ বিক্রি কিংবা সেবনের বিরুদ্ধে তারা তাদের সাধ্যমত ব্যবস্থা

» ১৭

থমকে গেছে ব্রেক্সিট সমঝোতা
স্বার্থবিরোধী কোনো চুক্তিতে যাবেন না মে

পত্রিকা রিপোর্ট

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : ভবিষ্যত সম্পর্ক নির্ধারণ নিয়ে যুক্তরাজ্য যে প্রস্তাব করেছে সেটি প্রত্যাখান করে দিয়েছে ইউরোপিয় ইউনিয়ন (ইইউ)। গত বৃহস্পতিবার (২০ সেপ্টেম্বর) ইইউর প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাস্ক এক সংবাদ সম্মেলনে বলেন, বাণিজ্যের ক্ষেত্রে যুক্তরাজ্য যে কমন রুল বুক নীতির প্রস্তাব করেছে, তা কাজের নয়।

তাঁর ওই বক্তব্যের পর কার্যত থমকে গেছে ব্রেক্সিট সমঝোতা। এ পরিস্থিতি যুক্তরাজ্যের বিভিন্ন মহল ব্রেক্সিট বিষয়ে পুনরায় গণভোটের দাবি তুলেছেন। তারা বলছেন, এতে জনগণ নিজেদের ভুল শুধরে ব্রেক্সিটের সিদ্ধান্ত বদলের সুযোগ পাবে।

এদিকে ব্রেক্সিট সমঝোতায় যুক্তরাজ্যের প্রতি আরও সম্মানজনক আচরণ করতে ইইউ (ইউরোপিয় ইউনিয়ন) নেতাদের সতর্ক করে দিয়েছেন প্রধানমন্ত্রী থেরেসা মে। গত শুক্রবার (২১ সেপ্টেম্বর) প্রধানমন্ত্রীর আকস্মিক ওই বক্তব্যের পরদিন শনিবার পররাষ্ট্রমন্ত্রী জেরেমি হান্টও একই সূরে কথা বললেন। পররাষ্ট্রমন্ত্রী বিবিসিকে দেয়া এক সাক্ষাৎকারে বলেন, ব্রিটিশদের ভদ্রতাকে যেন দূর্বলতা মনে করা না হয়।

অষ্ট্রিয়ার শহর সলসবার্গে গত ১৮ ও ১৯ সেপ্টেম্বর দুদিনের অনানুষ্ঠানিক বৈঠকে মিলিত হয়েছিল ইইউভুক্ত দেশগুলোর সরকারপ্রধানরা। সেখানে যুক্তরাজ্যের সঙ্গে বিচ্ছেদ (ব্রেক্সিট নামে পরিচিত) পরবর্তী সম্পর্ক নির্ধারণে চলমান সমঝোতা নিয়ে আলোচনা করেন নেতারা। ব্রিটিশ প্রধানমন্ত্রী মে তাঁর প্রস্তাবের পক্ষে সমর্থন

» ১৭

বাংলাদেশি অভিবাসীরা ‘ঘুণপোকা’: অমিত শাহ

ঢাকা, ২৪ সেপ্টেম্বর: ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সভাপতি অমিত শাহ।ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সভাপতি অমিত শাহ।

ভারতে অবস্থানরত কথিত বাংলাদেশি অভিবাসীদের ‘ঘুণপোকা’ বলে অভিহিত করেছেন দেশটির ক্ষমতাসীন দল ভারতীয় জনতা পার্টির (বিজেপি) সভাপতি অমিত শাহ। তাঁদের চিহ্নিত করে ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হবে বলেও তিনি জানিয়েছেন।

রাজস্থানের সাওয়াই মাধোপুর জেলার গঙ্গাপুরে

» ১৭

গিনেস বুকে ঢাকার পরিচ্ছন্নতা অভিযান

ঢাকা, ২৪ সেপ্টেম্বর : গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডসে জায়গা পেয়েছে ‘ঢাকা পরিচ্ছন্নতা অভিযান’। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি) ‘ঢাকা পরিচ্ছন্নতা অভিযান’ শিরোনামে এ অভিযানের আয়োজন করেছিল। একক ভেন্যু বিভাগে ‘ঢাকা পরিচ্ছন্নতা অভিযান’ গিনেসে জায়গা করে নিয়েছে।

‘ঢাকা পরিচ্ছন্নতা অভিযান’-র রেকর্ড গড়ার খবরটি গিনেস বুক অব ওয়ার্ল্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

গিনেসের ওয়েবসাইটে বলা হয়েছে, এ বছরের ১৩

» ১৭

9 771758 549028 97

আপত্তি উপেক্ষা করে ডিজিটাল নিরাপত্তা বিল পাস

ঢাকা, ১৯ সেপ্টেম্বর : সাংবাদিকসহ অংশীজনদের আপত্তি উপেক্ষা করে পাস হলো ডিজিটাল নিরাপত্তা বিল।

এতে বহুল আলোচিত ৩২ ধারা বহাল রাখা হয়েছে। এ ধারায় বলা হয়েছে, ‘যদি কোনো ব্যক্তি অফিশিয়াল সিক্রেসি অ্যাক্টের আওতাভুক্ত অপরাধ কম্পিউটার, ডিজিটাল ডিভাইস, কম্পিউটার নেটওয়ার্ক, ডিজিটাল নেটওয়ার্ক বা অন্য কোনো ইলেকট্রনিক মাধ্যমে সংঘটন করেন বা করতে সহায়তা করেন তাহা হইলে তিনি অনধিক ১৪ বছরের কারাদণ্ড বা অনধিক ২৫ লাখ টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডিত হবেন’।

এছাড়া ৩২ (২) ধরায় বলা হয়েছে, ‘যদি কোনো ব্যক্তি উপধারা-১ এ উল্লিখিত অপরাধ দ্বিতীয়বার বা পুনঃপুনঃ সংঘটন করেন, তাহা হইলে যাবজ্জীবন কারাদণ্ড বা অনধিক এক কোটি টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডিত হবেন’।

বুধবার জাতীয় সংসদে বিলটি পাসের প্রস্তাব করেন ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী মোস্তাফা জব্বার।

সন্ধ্যা ৭টা ২০ মিনিটে তিনি বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করেন। এরপরই বিলটির ওপর জনমত যাচাই, বাছাই কমিটিতে পাঠানো ও সংশোধনীর প্রস্তাব দেন জাতীয় পার্টি ও স্বতন্ত্র এমপিরা। কণ্ঠভোটে তাদের প্রস্তাব নাকচ হয়। ডিজিটাল নিরাপত্তা বিলে ১৩টি দফার ওপর সংশোধনীর প্রস্তাব দেন জাতীয় পার্টির তিন এমপি।

তারা হলেন- গাইবান্ধা-১ আসনের শামীম হায়দার পটোয়ারী, বেগম রওশন আরা মান্নান ও ফখরুল ইমাম। তাদের প্রস্তাবে শব্দাবলি বর্জন, প্যারা, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপন করার কথা বলা হয়েছে। কণ্ঠভোটে তাদের প্রস্তাব নাকচ হয়।

বিলে জনমত যাচাইয়ের প্রস্তাব দেন বিরোধী দল জাতীয় পার্টি ও স্বতন্ত্রর ১২ এমপি। এ তালিকায় ছিলেন- নুরুল ইসরাম ওমর, সেলিম উদ্দিন, মোহাম্মদ আব্দুল মুনিম চৌধুরী, ফখরুল ইমাম, নুরুল ইসরাম মিলন, বেগম নূর-ই-হাসনা লিলি চৌধুরী, বেগম মাহজাবীন মোরশেদ, কাজী ফিরোজ রশীদ, মো. রুস্তম আলী ফরাজী, বেগম রওশন আরা মান্নান, শামীম হায়দার পাটোয়ারী, মোহাম্মদ নোমান। তারা ৩০ অক্টোবরের মধ্যে জনমত যাচাইয়ের জন্য বিলটি প্রচারের দাবি জানান। স্পিকার বিষয়টি কণ্ঠভোটে দিলে তা নাকচ হয়।

এরপর বিলটি বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাব করেন জাতীয় পার্টি ও স্বতন্ত্র ৮ এমপি। এ তালিকায় আছেন- নুরুল ইসলাম ওমর, সেলিম উদ্দিন, মোহাম্মদ আব্দুল মুনিম চৌধুরী, ফখরুল ইমাম, নুরুল ইসলাম মিলন, রুস্তুম আলী ফরাজী,বেগম রওশন আরা মান্নান ও শামীম হায়দার। নিজেদের মনোনীত ৩, ৪ ও ৫ সদস্যর বাছাই কমিটিতে বিলটি পাঠিয়ে ৩০ অক্টোবরের মধ্যে রিপোর্ট দেয়ার দাবি তোলেন।

বিলটি পাসের আগে আপত্তি তুলে জাতীয় পার্টি দলীয় এমপি ফখরুল ইমাম বলেন, বিলে স্টেইকহোল্ডারদের মতামত উপেক্ষা করা হয়েছে। বাকস্বাধীনতার জন্য এটা উদ্বেগজনক। এটা একটি প্রশ্নবিদ্ধ বিল। গণমাধ্যমের উদ্বেগ ও মতামত উপেক্ষা করাই স্বাধীন সাংবাদিকতায় বাধার সৃষ্টি করবে। দেশে সুশাসনের যে সম্ভাবনা তৈরি হয়েছিল এই বিলের কারণে তা বাধা হয়ে দাঁড়াবে।

জাতীয় পার্টির নুরুল ইসলাম মিলন বলেন, বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিলে

» ১৫

৫৭ ধারায় গ্রেপ্তার চবি শিক্ষক

ঢাকা, ২৪ সেপ্টেম্বর : ফেসবুকে প্রধানমন্ত্রীকে নিয়ে কটূক্তির অভিযোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মাইদুল ইসলামের বিরুদ্ধে আইসিটি আইনে করা মামলায় তার জামিন আবেদন নামঞ্জুর করেছেন আদালত। আজ সোমবার শুনানি শেষে চট্টগ্রামের জেলা ও দায়রা জজ মো. ইসমাইল হোসেন এ আদেশ দেন।

মাইদুল ইসলামের আইনজীবী দুলাল লাল ভৌমিক গণমাধ্যমকে জানান, বিচারপতি ইনায়েতুর রহিম ও মো. মোস্তাফিজুর রহমানের দ্বৈত বেঞ্চে গত ৬ আগস্ট মাইদুল ইসলামকে আট সপ্তাহের অন্তবর্তীকালীন জামিন আদেশ দিয়ে তাকে নিম্ন আদালতে আত্মসমর্পণ করার আদেশ দিয়েছিলেন উচ্চ আদালত।

» ১৭

ওমরাহ ভিসায় শহরও ঘোরা যাবে

লন্ডন, ২৩ সেপ্টেম্বর : ওমরাহ পালনকারীরা তাঁদের ভিসাকে ওমরাহ ভিসা থেকে ভ্রমণ ভিসায় পরিবর্তিত করতে পারবেন। ওমরাহ পালন শেষে তাঁরা সৌদি আরবের নানা দর্শনীয় স্থান ভ্রমণ ও কেনাকাটা বা চিকিৎসাসেবাও নিতে পারবেন। সৌদি আরবের ট্যুরিজম অ্যান্ড ন্যাশনাল হেরিটেজ কমিশনের প্রধান

» ১৬

রোহিঙ্গা সংকট সমাধানে তিন সুপারিশ প্রধানমন্ত্রীর

ঢাকা, ২৪ সেপ্টেম্বর : দীর্ঘায়িত রোহিঙ্গা সংকট মূল থেকে সমাধান করার জন্য সোমবার (২৪ সেপ্টেম্বর) তিনটি সুপারিশ তুলে ধরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে সংস্থার মহাসচিব আন্তোনিও গুতেরেসের সভাপতিত্বে অনুষ্ঠিত ‘হাই লেভেল ইভেন্ট অন দ্য গ্লোবাল

» ১৬

জিসিএসই এবং এ লেভেলের ফলাফল নিয়ে বিশেষ পত্রিকার বিশেষ আয়োজন

তারার মেলা ২০১৮

বিগত বছরগুলোর মতো জিসিএসই এবং এ লেভেলের শিক্ষার্থীদের সাফল্য নিয়ে সাপ্তাহিক পত্রিকা এবারও বিশেষ ক্রোড়পত্র ‘তারার মেলা ২০১৮’ প্রকাশের উদ্যোগ নিয়েছে। আর এজন্য প্রতিবারের মতো শিক্ষার্থী, বাবা-মা এবং অভিভাবকসহ সংশ্লিষ্টদের সহায়তা প্রয়োজন। আমাদের অনুরোধ– জিসিএসই এবং এ লেভেল ফলাফল জানিয়ে আমাদের ইমেইল করুন info@potrika.com - এই ঠিকানায়। ফলাফলের সাথে শিক্ষার্থীর স্কুল, মা-বাবার নাম, এদেশে এবং বাংলাদেশে বসবাসের এলাকার নাম এবং শিক্ষার্থীর ভবিষ্যত লক্ষ্য দয়া করে উল্লেখ করবেন। আশা করি, আপনাদের সকলের সহযোগিতায় আমাদের শিক্ষার্থীদের চমৎকার সব সাফল্য নিয়ে এবারের বিশেষ ক্রোড়পত্র আরো সমৃদ্ধ হবে।

পত্রিকা পরিবার

weekly Potrika

your campaigning newspaper

pride of asia
EVENTS • CATERING • HOSPITALITY
বিয়ে, জন্মদিন বা যেকোনো উৎসবের খাবারের জন্য যোগাযোগ করুন
Tel: 020 7790 1600
Arch 3, Pinchin Street, London E1 1SA

POTRIKA ■ London ■ Issue 1090 ■ Tuesday ■ 25 September - 01 October 2018

লন্ডনে শহিদুল স্বজনদের মানবন্ধন

পত্রিকা রিপোর্ট

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : বিশিষ্ট আলোকচিত্রী শহিদুল আলমের মুক্তির দাবিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টি আকর্ষণে এক মানববন্ধন কর্মসূচি পালন করেছেন কারাবন্দী ওই আলোকচিত্রীর স্বজনরা। গত শুক্রবার (২১ সেপ্টেম্বর) লন্ডনস্থ বাংলাদেশ হাইকমিশনের সামনে তাঁরা এ কর্মসূচি পালন করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ অধিবেশ যোগ দিতে যুক্তরাষ্ট্রে যাওয়ার পথে লন্ডনে দুদিনের যাত্রবিরতি করছেন। স্থানীয় সময় গত শুক্রবার বিকাল ৪টার দিকে তিনি লন্ডনে এসে পৌঁছান। রোববার সকালে তাঁর যুক্তরাষ্ট্রের উদ্দেশে যাত্রা করার কথা।

শহিদুল আলমের মুক্তির দাবিতে প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণে গত শুক্রবার লন্ডনস্থ বাংলাদেশ হাইকমিশনের সামনে ওই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে শহিদুল আলমের বড় বোন

» ১৬

জমজমাট বইমেলা, সফল সমাপ্তি

আয়োজনে সম্মিলিত সাংস্কৃতিক পরিষদ

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : নতুন ব্যবস্থাপনায় এবার লন্ডনে হয়ে গেল জমজমাট বই মেলার আয়োজন। বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ এবারের মেলায় স্বত:র্ফূতভাবে অংশ নেন। ছিলেন একুশে গানের রচয়িতা আবদুল গাফফার চৌধুরী।

গত রোববার ও সোমবার পূর্ব লন্ডনের ব্রাডি আর্ট সেন্টারে এবারের বইমেলা অনুষ্ঠিত হয়। আয়োজক সম্মিলিত সাংস্কৃতিক পরিষদ, যুক্তরাজ্য।

উদ্বোধনী দিনে আলোচকরা বলেছেন, বাংলা ভূখণ্ডের বাইরেও পৃথিবীর বিভিন্ন দেশে বাংলা ভাষা, সংস্কৃতি ও কৃষ্টিকে ধরে রাখা ও এর প্রসারে অভিবাসী বাংলাদেশীরা যেভাবে ভূমিকা রাখছেন, তাতে বাংলা ভাষা ও বই যে কখনও অস্তমিত হবেনা এটি নিশ্চিত করে বলা যায়।

বেলুন উড়িয়ে বাংলাদেশ বই মেলা, সাহিত্য ও সাংস্কৃতিক উৎসব-২০১৮ এর উদ্বোধন করেন বিশিষ্ট সাংবাদিক ও সাহিত্যিক আবদুল গাফ্ফার চৌধুরীসহ অতিথিরা। উদ্বোধন পরবর্তী আলোচনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ফারুক আহমেদ।

সংস্কৃতিকর্মী স্মৃতি আজাদ ও রেজওয়ান মারুফের যৌথ পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশের বিশিষ্ট কবি আসাদ মান্নান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আবদুল গাফ্ফার চৌধুরী, বাংলা একাডেমীর সাবেক মহাপরিচালক মাহমুদ শাহ কোরেশী, কানাডা প্রবাসী কবি সাইফুল্লা মাহমুদ দুলাল, শীর্ষ প্রকাশনা প্রতিষ্ঠান 'আগামী'র কর্ণধার ওসমান গণী, ব্রিটেনে মুক্তিযুদ্ধের প্রবীণ সংগঠক ও যুক্তরাজ্য আওয়ামী লীগ সভাপতি সুলতান শরীফ এবং লন্ডন বাংলা প্রেসক্লাবের সভাপতি সৈয়দ নাহাস পাশা। স্বাগত বক্তব্য রাখেন বিশিষ্ট সাংবাদিক ও মুক্তিযোদ্ধা ইসহাক কাজল। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশ থেকে আগত বিশিষ্ট লেখক, নাগরী গবেষক ও শীর্ষস্থানীয় প্রকাশনা সংস্থা উৎস প্রকাশনীর কর্ণধার মোস্তফা সেলিম, সাংবাদিক নজরুল ইসলাম বাসন, কানাডা থেকে আগত কবি আন্‌জুমান রোজি, ঢাকা থেকে আগত নাজমা মান্নান ও লন্ডন বারা অফ রেডব্রিজের লেবার দলীয় ডেপুটি হুইপ কাউন্সিলার সৈয়দা সায়েমা আহমেদ। অতিথি কবি আসাদ মান্নান ব্রিটেনে বাংলাদেশ বইমেলা আয়োজনের ভূয়সী প্রশংসা করে বলেন, বই আমাদের মনের খোরাক জোগায়। সম্মিলিত সাংস্কৃতিক পরিষদ, ইউকে বইমেলা, সাহিত্য ও সাংস্কৃতিক উৎসব আয়োজনের মাধ্যমে এই মনের খোরাকেরই যোগান দিচ্ছে, অভিনন্দন এই সংগঠনের প্রতি। তিনি বলেন, বই না থাকলে আমি হয়তো আজকের আসাদ মান্নান হয়ে উঠতাম না। হয়তো পড়ে থাকতাম সন্দ্বীপের কোন এক অজ পাড়া গাঁয়ে। 'বিষাদ সিন্ধু' পড়ার মাধ্যমেই বইয়ের জগতে তাঁর প্রবেশ এমনটি জানিয়ে

» ১৬

সম্মিলিত সাংস্কৃতিক পরিষদের সম্মেলন

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : গত ১৭ সেপ্টেম্বর, সোমবার পূর্ব লন্ডনের ব্র্যাডি আর্ট সেন্টারে সম্মিলিত সাংস্কৃতিক পরিষদ যুক্তরাজ্যের পঞ্চম সম্মেলন সম্পন্ন হয়েছে। দশ বছর আগে বিলেতের বিভিন্ন সাহিত্য সাংস্কৃতিক সংগঠনের সমন্বয়ে গঠিত এই সংগঠন দীর্ঘদিন ধরে লন্ডনে বইমেলা এবং সাহিত্য উৎসবসহ বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড আয়োজন করলেও এবার তা দ্বিধাবিভক্ত হয়ে পড়ে। মুজিবুল হক মনি ও ছড়াকার দিলু নাসেরের নেতৃত্বাধীন অংশ ১৭ সেপ্টেম্বর বিকেল পাঁচটায় আয়োজন করে কাউন্সিল অধিবেশন। এতে সংশ্লিষ্ট সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক কবি-ছড়াকার দিলু নাসের এর পরিচালনায় অধিবেশনের শুরুতেই বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন করেন বিলেতের বিশিষ্ট শিল্পীবৃন্দ।

এর পর ব্রিটিশ বিরোধী আন্দোলন, বাঙালির ভাষা আন্দোলন এবং মহান স্বাধীনতা সংগ্রাম সহ সকল গণতান্ত্রিক আন্দোলনে নিহত শহীদানদের স্মৃতির প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

সম্মেলন উদযাপন কমিটির আহবায়ক এবং পুরনো কমিটির সহ সভাপতি কবি মুজিবুল হক মনির স্বাগত বক্তব্যের পর পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি উদীচির সভাপতি গোলাম মোস্তফা সংগঠনের সংক্ষিপ্ত ইতিহাস তুলে

» ১৬

এটলির নামে নিউ সিটি কলেজের এ লেভেল একাডেমির উদ্বোধন

পত্রিকা রিপোর্ট

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : পূর্ব লন্ডনের স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠান নিউ সিটি কলেজ এ লেভেল শিক্ষার্থীদের জন্য আলাদা একটি নতুন প্রতিষ্ঠানের উদ্বোধন করেছে। গত ১৯ সেপ্টেম্বর এক বর্ণাঢ্য আয়োজনে এটির উদ্বোধন করা হয়। নতুন এ লেভেল একাডেমির নামকরণ করা হয়েছে দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী সময়ে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী ক্লেমেন্ট এটলির নামে। এই ভবনটি ই ওয়ান-এর আর্বার স্কয়ারে অবস্থিত।

নতুন ভবনটিতে এ লেভেল শিক্ষার্থীরা ২০টির বেশি বিষয় অধ্যায়ন করতে পারেন। টাওয়ার হ্যামলেটস ও হেকনি এলাকার ৩ শতাধিক শিক্ষার্থী নতুন এই ভবনে এ লেভেল পড়ার সুযোগ পাবে। এর মধ্যদিয়ে টাওয়ার হ্যামলেটস ও হেকনির শিক্ষার্থীর এ লেভেল পড়ার জন্য স্বতন্ত্র একটি ভবন পেল।

টাওয়ার হ্যামলেটস কলেজ এবং হ্যাকনি কলেজ ২০১৬ সালের ১ আগস্ট একীভূত হয়। ২০১৭ সালের ১ এপ্রিল রেডব্রিজ কলেজও এতে

» ১৬

১৪ অক্টোবর লন্ডন-বাংলা প্রেসক্লাবের আয়োজনে ফুটবল টুর্নামেন্ট

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : বিলেতের বাংলা গণমাধ্যম কর্মীদের নিয়ে জমজমাট এক ফুটবল টূর্নামেন্টের আয়োজন করেছে যুক্তরাজ্যে বাংলা গণমাধ্যমকর্মীদের প্রতিনিধিত্বকারী শীর্ষ সংগঠন লন্ডন বাংলা প্রেসক্লাব। আগামী ১৪ অক্টোবর রোববার পূর্ব লন্ডনের মাইলএন্ড স্টেডিয়ামে বসবে সংবাদকর্মীদের ফুটবল দক্ষতা প্রদর্শনের এই আনন্দঘন আসর। কদিন আগে এটিএন বাংলা নিজেদের ঘরে তুলে নিয়েছে ক্রিকেট টূর্নামেন্টের শিরোপা। ফুটবলে কে সেরা- 'ফাইভ এ সাইড' এই টুর্নামেন্টে এবার সেটি যাচাইয়ের পালা। ১৪ অক্টোবর দুপুর ১২টা থেকে বিকাল ৬টা পর্যন্ত চলবে খেলা। চ্যাম্পিয়ান দলের জন্য থাকছে নগদ ৫শ পাউন্ড।

আসন্ন এই ফুটবল টুর্নামেন্টের জন্য দল নিবন্ধন চলছে। ২৮ সেপ্টেম্বরের মধ্যে আগ্রহীদের দল নিবন্ধন করতে হবে। দল নিবন্ধনের জন্য ফি রাখা হয়েছে ৮০ পাউন্ড।

» ১৬

সংসদে সৈয়দ আশরাফের ৯০ কার্যদিবসের ছুটি মঞ্জুর

ঢাকা, ১৮ সেপ্টেম্বর : অসুস্থতাজনিত কারণে জনপ্রশাসন মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের ৯০ কার্যদিবসের ছুটি মঞ্জুর করেছে জাতীয় সংসদ। গুরুতর অসুস্থ অবস্থায় তিনি থাইল্যান্ডের বামরুনগ্রাদ হাসপাতালে ভর্তি আছেন। মঙ্গলবার থেকে পরবর্তী টানা ৯০ বৈঠক বা কার্যদিবসের জন্য এই ছুটি মঞ্জুর করা হয়।

জাতীয় সংসদে সৈয়দ আশরাফের পক্ষে স্পিকার শিরীন শারমিন চৌধুরীর কাছে ছুটির আবেদন করেন চিফ হুইপ আ স ম ফিরোজ। পরে সর্বসম্মতিক্রমে তাঁর ছুটি মঞ্জুর করা হয়। স্পিকার ছুটির আবেদন সংসদে পড়ে শোনান।

চিঠিতে বলা হয়, সৈয়দ আশরাফ অসুস্থ থাকায় সংসদ অধিবেশনে যোগ দিতে পারছেন না। বর্তমানে তিনি থাইল্যান্ডের বামরুনগ্রাদ হাসপাতালের ক্রিটিক্যাল কেয়ার মেডিসিন ইউনিটে ভর্তি আছেন।

» ১৬

ইরানে সামরিক কুচকাওয়াজে হামলা, নিহত ২৪

২৪ সেপ্টেম্বর : ইরানে সামরিক কুচকাওয়াজে হামলায় অন্তত ২৪ জন নিহত হয়েছেন। শনিবার (২২ সেপ্টেম্বর) দেশটির দক্ষিণ-পশ্চিমাঞ্চলের আভাজ শহরে সামরিক কুচকাওয়াজে বন্দুকধারীরা এই হামলা চালায়। হামলায় বেসামরিক মানুষও নিহত হয়েছেন। ইরান-ইরাক যুদ্ধের বার্ষিকী উদ্‌যাপনের দিন এই হামলার ঘটনা ঘটল।

ইরানের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইসলামিক রিপাবলিক নিউজ এজেন্সির (আইআরএনএ) বরাত দিয়ে বিভিন্ন আন্তর্জাতিক সংবাদমাধ্যম এ ঘটনার প্রতিবেদন প্রকাশ করেছে। আইআরএনএ নিহতের সংখ্যা কমপক্ষে ২৪ জন বলে নিশ্চিত করেছে। ইরানের এই সংবাদমাধ্যমটির দাবি, সৌদি আরব সংশ্লিষ্ট বিচ্ছিন্নতাবাদী ও সন্ত্রাসী গোষ্ঠী আল-আহভাজ এই হামলার দায় স্বীকার করেছে। বলা হচ্ছে, সামাজিক যোগাযোগের মাধ্যমে হামলার দায় স্বীকার করে বক্তব্য দিয়েছে আল-আহভাজ।

ইরানের গণমাধ্যমের বরাত দিয়ে বিবিসি বলছে, হামলাকারীরা কুচকাওয়াজস্থলের অদূরে একটি পার্কে অবস্থান করছিল। তারা সামরিক পোশাকে ছিল। স্থানীয় সময় সকাল ৯টায় কুচকাওয়াজ শুরু হলে তারা গুলি চালায়। হামলাকারী ছিল মোট ৪ জন।

» ১৬

লন্ডন বাংলা প্রেসক্লাবের বনভোজন

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : বৃষ্টিভেজা বনভোজনে পরিবার সদস্যদের নিয়ে শনিবার উচ্ছাসে মেতে উঠেছিলেন লন্ডন বাংলা প্রেস ক্লাবের সদস্যরা। ইস্ট লন্ডনের ফেয়ারলপ ওয়াটার কান্ট্রি পার্কে আয়োজিত ক্লাবের এই বার্ষিক বনভোজনে প্রতিকূল আবহাওয়া উপেক্ষা করে সপরিবারে সমবেত হয়েছিলেন সংবাদকর্মীরা।

বৃষ্টিভেজা দিন হওয়ায় বনভোজনে উল্লেখযোগ্য কোন এক্টিভিটি করতে না পারলেও ফেয়ারলপ পার্ক কফি আঙ্গিনায় বিয়েবার্ষিকী উদযাপন, বিদায় শুভ কামনা, আড্ডা, ছবি তোলা, খাওয়া দাওয়া ও রাফেল ড্রতে কয়েক ঘন্টা নিমিষেই কাটিয়ে দেন ক্লাব সদস্যরা।

ক্লাবের সভাপতি সৈয়দ নাহাস পাশা, সাধারণ সম্পাদক মোহাম্মদ জোবায়ের, ট্রেজারা আ স ম মাসুম, কমিউনিকেশন সেক্রেটারি আব্দুল কাইয়ুম, ইভেন্টস সেক্রেটারি তাওহিদ আহমেদ, নির্বাহী সদস্য ইমরান আহমেদ ও রুপি আমিনের সার্বিক তত্বাবধানে বৃষ্টিস্নাত হলেও বনভোজনটি ছিলো সবার কাছেই উপভোগ্য।

ক্লাব সভাপতি সৈয়দ নাহাস পাশা প্রতিকূল আবহাওয়া উপেক্ষা করেও বনভোজনে যোগ দেয়ায় ক্লাব সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, পারস্পরিক এই আন্তরিকতাই আমাদের ক্লাবের মূল শক্তি।

সেক্রেটারি মোহাম্মদ জোবায়ের প্রতিটি ইভেন্টে ক্লাব সদস্যদের সহযোগিতা কৃতজ্ঞতার সাথে স্মরণ করে বলেন, আজকের এই প্রতিকূল আবহাওয়ায়ও

» ১৬

লন্ডনে এনআরবি কনফারেন্স সম্পন্ন

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : প্রবাসীরা বাংলাদেশের প্রতিষ্ঠালগ্নে মুক্তি সংগ্রামসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ও রাজনৈতিক সংকটে গুরুত্বপূর্ণ ভুমিকা রেখেছেন। রেমিটেন্স যোদ্ধাদের অব্যাহত প্রচেষ্টায় দেশ এগিয়ে যাচ্ছে। দেশ এবার প্রবাসী বাংলাদেশীদের জন্য নিয়ে এসেছে নিরাপদ বিনিয়োগের সুযোগ। আর এই সুযোগ তথা বিনিয়োগ বান্ধব পরিবেশ-পরিস্থিতি যুক্তরাজ্যের বাংলাদেশীদের জন্য উপস্থাপন করতে এনআরবি আয়োজন করেছিল " কাম এন্ড বিল্ড ইয়োর মাদারল্যান্ড" শীর্ষক কনফারেন্স।

বুধবার বিকেলে লন্ডনের একটি অভিজাত হোটেলে সেন্টার ফর এনআরবি'র চেয়ারপারসন এম এস সেকিল চৌধুরীর সঞ্চালনায় কনফারেন্সে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা ড. মশিউর রহমান।

» ১৬

প্রধানমন্ত্রীর সফর

আওয়ামী লীগ-বিএনপির পাল্টাপাল্টি স্লোগান

পত্রিকা রিপোর্ট

লন্ডন, ২৪ সেপ্টেম্বর : নিউইয়র্কে যাওয়ার পথে প্রধানমন্ত্রী শেখ হাসিনা লন্ডনে দুদিনের যাত্রা বিরতি করেন। আর তাঁর আগমন ঘিরে আবারও লন্ডনে প্রদর্শিত হলো বাংলাদেশের বিদ্বেষপূর্ণ রাজনীতি। শেখ হাসিনা ওয়েস্ট লন্ডনের ক্ল্যারিজেস হোটেলে অবস্থান করেন। আর হোটেলের বাইরে চলে আওয়ামী লীগ-বিএনপির নেতকার্মীদের পালটাপালটি স্লোগান।

যুক্তরাজ্য আওয়ামী লীগ শেখ হাসিনাকে লন্ডনে স্বাগত জানিয়ে স্লোগান দিতে থাকে। আর পাশেই শেখ হাসিনাকে বিষোধগার করে স্লোগান দেয় যুক্তরাজ্য বিএনপির নেতাকর্মীরা।

লন্ডনে শেখ হাসিনার কোনো আনুষ্ঠানিক কর্মসূচি ছিল না। কিন্তু তাঁর লন্ডন আগমনকে ঘিরে এবার স্থানীয় আওয়ামী লীগ বেশ প্রস্তুতি গ্রহণ করে। দফায় দফায় বৈঠক করে হোটেলের সামনে ব্যাপক লোক সমাগমের প্রস্তুতি নেয়। তারা বিএনপির বিক্ষোভ প্রতিহত করার ঘোষণা দিয়েছিল। অন্যদিকে যুক্তরাজ্য বিএনপিও এবার বড় ধরণের বিক্ষোভ প্রদর্শনের প্রস্তুতি নেয়। যুক্তরাজ্য আওয়ামী লীগের হুমকি মোকাবেলায় তারাও বড় ধরণের লোক সমাগমের প্রস্তুতি নিয়ে মাঠে নামে। বিএনপি নেতা এম এ মালেক বলেছিলেন, তারা কোনো হুমকিকে ভয় পান না। বিক্ষোভ আরও ব্যাপক হবে। শেষ পর্যন্ত কোনো অপ্রীতিকর ঘটনা ছাড়াই লন্ডন ছেড়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পালটা-পালটি স্লোগানে সীমাবদ্ধ ছিল দলগুলোর অবস্থান।

তবে লন্ডনের রাস্তায় দাঁড়িয়ে আওয়ামী লীগ-বিএনপির নেতাকর্মীদের এমন স্লোগান বরাবরের মত এবারও বাংলাদেশিদের সুনাম ক্ষুন্ন করেছে বলে ক্ষোভ প্রকাশ করেছেন

» ১৬

'ভুয়া প্রার্থী তালিকা প্রকাশে ইন্ধন দিচ্ছে সরকারী এজেন্সিগুলো'

ঢাকা, ২৪ সেপ্টেম্বর : আসন্ন জাতীয় নির্বাচনকে কেন্দ্র করে বিএনপির ভুয়া প্রার্থী তালিকা প্রকাশে সরকারি এজেন্সিগুলো ইন্ধন দিচ্ছে বলে অভিযোগ করেছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ও ২০ দলীয় জোটের সমন্বয়ক নজরুল ইসলাম খান।

গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ অভিযোগ করেন। বিবৃতিতে নজরুল ইসলাম খান বলেন, কিছুদিন ধরে কয়েকটি সংবাদপত্রে আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে নিয়ে সম্পূর্ণ হীন উদ্দেশ্যে দেশব্যাপী সংসদীয় এলাকাগুলোতে বিএনপি'র নামে প্রার্থী তালিকা প্রকাশের ঘটনায় আমরা বিস্মিত ও হতবাক হয়েছি। সংবাদপত্রে প্রকাশিত উক্ত প্রার্থী তালিকা সম্পূর্ণভাবে ভূয়া ও মনগড়া। এধরণের মিথ্যা ও আজগুবি খবর প্রকাশে সরকারী এজেন্সীগুলো ইন্ধন দিচ্ছে বলে আমরা মনে করি। আগামী জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি'র প্রার্থী তালিকা নিয়ে প্রকাশিত বানোয়াট সংবাদ পরিবেশন করার উদ্দেশ্যই হচ্ছে বিএনপিসহ ২০ দলীয় দলীয় জোটের নেতাকর্মীদের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করা।

» ১৬